16

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 03 FEB 1997 ...
পৃষ্ঠা ৩ কলাম ১

# গণশিক্ষা কার্যক্রমের জন্য ২৭১ কোটি টাকার প্রকল্প

জনকণ্ঠ রিপোর্ট

আগামী ২০০০ সালের মধ্যে বয়স্ক শিক্ষার হার ৬২ ভাগে উন্নীত করা, ৬টি বিভাগীয় শহরের ছিন্নমূল শিশুদের উপআনুষ্ঠানিক শিক্ষা প্রদান করা ও মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের জন্য পৃথক পৃথকভাবে মোট ২৭০ কোটি ৮০ লাখ টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। সম্প্রতি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় এই প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। খবর সংশ্লিষ্ট একটি সূত্রের। সূত্রে আরও জানা গেছে, সরকার দেশের বিপুলসংখ্যক নিরক্ষর লোককে সাক্ষর করার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষার প্রতি গুরুত্ব প্রদান করেছে। নিরক্ষরতা দূর করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন সত্ত্বেও বিপুলসংখ্যক শিশু, কিশোর-কিশোরী, বয়স্ক লোক নিরক্ষর রয়ে গেছে। সরকার ২০০০ সালের মধ্যে বয়স্ক শিক্ষার হার শতকরা ৬২ ভাগে উন্নীত করার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। এই প্রকল্পের জন্য মোট প্রাক্কলিত ব্যয় ১৬০ কোটি টাকার প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে বৈদেশিক সাহায্যের পরিমাণ রয়েছে ৬০ কোটি টাকা।